বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েবসাইট: www.bnmc.gov.bd

নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০২৪-**১১২০** তারিখঃ ০৪ ডিসেম্বর ২০২৪

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শিক্ষার্থী নিবন্ধন বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীন ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী নিবন্ধন (সকল কোর্স) আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে শুরু হবে। সরকারি প্রতিষ্ঠানকে ভর্তির সময় পূরণকৃত ফরম এবং স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানকে কাউন্সিলের সফটওয়্যারে নিম্নবর্ণিত কাগজপত্র স্ক্যান ও আপলোডসহ এন্ট্রিকৃতদের সংযুক্ত ফরম ও সকল কাগজপত্রের সত্যায়িত কপি যথাযথ প্রক্রিয়ায় নিম্নোক্তভাবে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১। সরকারি প্রতিষ্ঠান শিক্ষার্থী নিবন্ধন ফরম প্রেরণের নিয়মাবলিঃ

১.১ ভর্তির সময় জমাকৃত সকল কাগজপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১.২ মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

২। স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান অনলাইনে শিক্ষার্থী নিবন্ধনের নিয়মাবলি/ শর্তাবলিঃ

২.১ ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত নীতিমালার শর্তাদি যথাযথ প্রতিপালনসহ বিধি মোতাবেক শিক্ষার্থী নিবন্ধন করতে হবে।

২.২ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের স্ব-স্ব কোর্সেই নিবন্ধন করতে হবে।

২.৩ নিম্নলিখিত কাগজপত্র স্ক্যান করে আপলোড সহ কাউন্সিলে প্রেরণ করতে হবেঃ

- শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র।
- শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/মার্কশিট;
- বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ভর্তি পরীক্ষায় উত্তীর্ণের ফলাফল।
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (অনলাইনে ভেরিফাইড কপি)।

উপরোক্ত কাগজপত্র পরিষ্কারভাবে স্ক্যান করে jpg অথবা .pdf ফরমেটে কম্পিউটারে সংরক্ষণ করে নিতে হবে, প্রতিটি ফাইলের সাইজ ১০০ KB এর বেশি এবং ১ MB এর কম হতে হবে।

২.৪ বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তিকৃত বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থীর বেশির ভাগ তথ্য ভর্তি পরীক্ষার সময় প্রদত্ত তথ্য হতে নিবন্ধন ফরমে অটোমেটিক পূরণ হবে বিধায় কর্তৃপক্ষ অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের ইউজার ও পাসওয়ার্ড ব্যবহার করে bncdb.bnmc.gov.bd পোর্টালে প্রবেশ করতে হবে।

- হোম পেজ হতে Student Management অপশনে প্রবেশ করে Private Student Registration বাটন দেখাবে, সেখানে ক্লিক করলে ভর্তি পরীক্ষার ইউজার ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তির ফরমে প্রবেশ করতে হবে।
- ভর্তির ফরমে আবেদনের সময় প্রদত্ত তথ্য এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখাবে। সেখানে কিছু সংখ্যক ঘর ব্লক থাকবে, যেমনঃ প্রবেশপত্রে ব্যবহৃত ছবি, ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেরিট পজিশন, ইংরেজি নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, কোর্স, নিজ জেলা ইত্যাদি তথ্য, যা পরিবর্তন করার সুযোগ থাকবে না।
- ফরমে নতুন করে কিছু তথ্য হালানাগাদ করার প্রয়োজন হবে, যেমনঃ জন্ম নিবন্ধন নম্বর বা জন্ম সনদ, মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানার কিছু অংশ ইত্যাদি।
- ফরমের নিচের অংশে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করার ঘর থাকবে। পূর্বে স্ক্যানকৃত ফাইলসমূহ আপলোড করা শেষ হলে Submit বাঁটনে ক্লিক করে আবেদনের কপি প্রিন্ট করে নিতে হবে। প্রিন্ট করতে ব্যর্থ হলে অথবা নতুন করে পূরণকৃত তথ্যে ভুল হলে একই প্রক্রিয়ায় আবার ফরমে প্রবেশ করে তথ্য হালনাগাদ করে নিচে প্রিন্ট ফরম বাঁটনে ক্লিক করে পুনরায় আবেদন ফরম প্রিন্ট করা যাবে।
- অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শ্রেণি শিক্ষকের (ক্লাস টিচার) তত্বাবধানে শিক্ষার্থীরা মিলিয়ে (সংশোধন করে) স্বাক্ষর পূর্বক অধ্যক্ষ'র নিকট জমা দিবেন। বানান ও তথ্য ভুলের ক্ষেত্রে বিশেষ যত্নবান হতে হবে। সংশোধনীর ক্ষেত্রে নির্ধারিত ফি ও নিয়মাবলি প্রযোজ্য হবে, যা শিক্ষার্থীর ত্রুটি থাকলে শিক্ষার্থী প্রদান করবে অথবা প্রতিষ্ঠানের ত্রুটি থাকলে তা কর্তৃপক্ষের উপর অর্পিত হবে।
- অকৃতকার্য কোন শিক্ষার্থী সরকারি ও বেসরকারি কোন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে না। শিক্ষার্থী নিবন্ধনের ক্ষেত্রে কোন প্রকার অসম্পূর্ণ বা তথ্যগত ভুল প্রমাণিত হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষে জবাবদিহি করতে হবে।

৩। ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক নার্সিং/ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক পাবলিক হেলথ নার্সিং/ ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক

মিডওয়াইফারি ও অন্যান্য কোর্স এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধন বিগত বছরের ন্যায় সকল তথ্য নতুনভাবে টাইপ করে ফরম পূরণ করতে হবে।

৪। সকল কোর্সের স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফি বাবদ জন প্রতি ৭০০/- (সাতশত) টাকা হারে সকল শিক্ষার্থীর ফি-একত্রে **"বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল"** এর অনুকূলে একত্রে একটি "অনলাইন জমা স্লিপ" (যে সকল জেলায় প্রাইম ব্যাংক এর শাখা নেই তাদেরকে যে কোন ব্যাংকের পে-অর্ডার/ ডিডি) এর মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

৫। অনলাইন ফরম পূরণ এবং জমার তারিখ ও সময়:

ফরম পূরণ ও জমার তারিখঃ	০৮ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর ২০২৪, বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অনলাইন ফরম পূরণ। ০৫ জানুয়ারি ২০২৫ এর মধ্যে কাউন্সিলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
বিলম্বে ফরম পূরণ ও জমার তারিখঃ	০৬ জানুয়ারি হতে ০৯ জানুয়ারি ২০২৫ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিলম্বে অনলাইন ফরম পূরণ। ১৪ জানুয়ারি ২০২৫ এর মধ্যে কাউন্সিলে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, বিলম্ব ফি প্রতি শিক্ষার্থী ২০০/- (দুইশত) টাকা।

৬। শিক্ষার্থীর সংখ্যার তথ্য (ছক)।

প্রতিষ্ঠানের নামঃ . . . .

কোর্সের নামঃ . . . .

ক্রম.	শিক্ষার্থীর নাম	পিতা ও মাতার নাম	ভর্তি পরীক্ষার রোল	ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর	কোটা (যদি থাকে)	ফি জমার রশিদ নং/রশিদ/ডিডি/পে: অ:)

৭। সহায়তার জন্য কম্পিউটার অপারেটরদ্বয় এর মোবাইল নম্বর ০১৫৫০৬৯৯৩০০/ ০১৫৫০৬৯৯৩০১
(শুধুমাত্র কাউন্সিল হতে প্রতিষ্ঠানে দেওয়া টেলিটক নম্বর হতে সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা মধ্যে যোগাযোগ করা যাবে)

24.12.24

হালিমা আক্তার
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. সিনিয়র সহকারী সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৭. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং/মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট (সকল) . . . .
৮. অধ্যক্ষ/কোর্স কো-অর্ডিনেটর (সকল) . . . .
৯. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১০. প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
১১. হিসাব রক্ষক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
১২. জনাব. . . . .